

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৪৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬. মোক্তাদীর কিরাআত (ফাতিহা) পড়ার জন্য ইমামের বিরতি দেয়ার স্থান

بَابُ مَوْضِعِ سَكَتَاتِ الْإِمَامِ لِقِرَاءَةِ الْمَأْمُومِ

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا عَلِيُّ بْنُ مُسْلِمٍ ، ثَنَا جَرِيرٌ ، عَنْ عُمَارَةَ بْنِ الْقَعْقَاعِ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ إِذَا كَبَّرَ فِي الصَّلَاةِ سَكَتَ هُنَيْهَةً ، فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، بِأَبِي أَنْتَ وَأُمِّي ، مَا تَقُولُ فِي كَبَّرَ فِي الصَّلَاةِ سَكَتَ هُنَيْهَةً ، فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، بِأَبِي أَنْتَ وَأُمِّي ، مَا تَقُولُ فِي صَلَلَاكِ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ ؟ قَالَ : " أَقُولُ : اللَّهُمَّ ، بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ ، كَمَا بَاعَدْتَ بَيْنَ التَّكْبِيرِ وَالْقِرَاءَةِ ؟ قَالَ : " أَقُولُ : اللَّهُمَّ ، بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَايَ ، كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ ، اللَّهُمَّ نَقِنِي مِنَ الْخَطَايَا كَمَا يُنَقَّى التَّوْبُ الْأَبْيَضُ مِنَ الدَّسَ ، اللَّهُمَّ اغْسِلْنِي مِنْ خَطَايَايَ بِالتَّلْجِ وَالْمَاءِ وَالْبَرَدِ

বাংলা

১২৪৮(৩). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল্প্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযে তাকবীর (তাহরীমা) বলে কিছুক্ষণ নীরব থাকতেন। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমার পিতা-মাতা আপনার জন্য উৎসর্গিত হোক, আপনি আপনার নামাযে তাকবীর (তাহরীমা) ও কিরাআতের (সূরা ফাতিহা) মাঝখানে কি বলেন? তিনি বললেন, আমি বলি, "হে আল্লাহ! আমার ও আমার গুনাহের মাঝখানে এতো দূরত্ব সৃষ্টি করে দাও যতো দূরত্ব তুমি পূর্ব-পশ্চিমের মাঝখানে সৃষ্টি করেছ। হে আল্লাহ! তুমি আমাকে গুনাহ থেকে পরিষ্কার (পবিত্র) করে দাও, যেমন সাদা কাপড় ময়লা থেকে পরিষ্কার করা হয়। হে আল্লাহ! তুমি আমার গুনাহ থেকে আমাকে বরফ, বৃষ্টির পানি ও ঠাণ্ডা পানি দিয়ে ধৌত করে দাও (গুনাহ ক্ষমা করে দাও)"।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন